

# মাসিক কিশোর- কিশোরী সংবাদ

COAST Foundation



প্রকাশনায় : কোস্ট ফাউন্ডেশন। সহযোগিতায় : পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

মাস : বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ। মে ২০২৩ খ্রি:। বর্ষ : তৃতীয় বর্ষ সংখ্যা : অষ্টম সংখ্যা

## একজন মেন্টরই পারেন তার ক্লাবের কিশোর-কিশোরীদের আলোর সন্ধান দেখাতে।

প্রতি মাসের ন্যায় চলতি মাসেও লালমোহন ও বোরহানউদ্দিন স্বস্ব উপজেলায় মাসিক মেন্টর সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভায় আলোচনা উপস্থিত মেন্টদের আলোচনায় উঠে আসে যে কথাটি সেটি হলো " একজন মেন্টরই পারেন একটি ক্লাবের সকল সদস্যদের সত্যের সন্ধান দেখাতে। তিনি যদি একজ সৎ ও আদর্শবান ও পরোউপকারী হন তা হলে ঐ ক্লাবেস সকলকে নিয়ে তার এলাকার ভালো ভালো কাজে সকল সদস্যদের যুক্ত করতে পারেন। তিনি তার ক্লাবের সকলকে সাথে নিয়ে এলাকা ও এরাকার শিক্ষা প্রতিষ্ঠান পরিস্কার -পরিচ্ছন্ করা, আসহায় মানুষে সহায়তা করা, ইভটেজিং মুক্ত ওয়ার্ড করা সহ বিভিন্ন উন্নয়নমুলক কাজ করতে পারেন।



মাসিক মেন্টর সমন্বয় সভা, ছবি-রাবেয়া

কিন্ত তিনি যদি খারাপ কাজের সাথে যুক্ত থাকেন তাহলে তার ক্লাবে অভিভাবকরা তাদের ছেলে-মেয়েদের আসতে দিবেন না। সে কাননেই একজন মেন্টকে আগেই হতে হবে আদর্শবান। মেন্টর প্রতি মাসিক সভায় কিশোর-কিশোরীদের অচরনের পরিবর্ত হয় বা শিক্ষণীয় কোন বিষয় নিয়ে আলোচনা করবেন। আলোচনা শেণে তাড়া আজকের আলোচনা থেকে কি শিখেছে তা জানতে চাইবেন। পরবর্তী মাসিক সভার আগে তারা কি কি কাজ করবেন তার একটি এ্যকশন প্লান বা কর্মপরি কল্পনা তৈরী করবেন এবং তা তাদের রেজিষ্টারে উপস্থিত স্বাক্ষরের পরের পাতায় রেজুলেশন আকারে লিখে রাখবেন। পরের মাসে কে কি বাস্তবায়ন করতে পেরেছি তা পর্যালোচনা করবে। এ ভাবে আমরা আমাদের ক্লাববে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবো।

## কিশোর ক্লাবের সদস্যদের অন্যরকম ঈদ উদযাপন

চলতি মাসের ঈদুল ফিতরে রামাগঞ্জ ইউনিয়ন কিশোর ক্লাবের উদ্যেগে এক ব্যতিক্রম ধর্মী ঈদ উদযাপনের আয়োজন করেছেন। তারা তাদের ঈদের খরচ থেকে কিছু টাকা বাচিঁয়ে এবং ঐ এলাকার কিছু ভালো মানুষের কাছ থেকে কিছু আর্থিক সহায়াতা নিয়ে এলাকার গরীব অসহায় মানুষের মধ্যে ঈদের আন ভাগি করে নেয়ার জন্য, ২৫ টি অসহায় পরিবারের মধ্যে ঈদের শুভেচ্ছা উপহার বিতরণ করেন। তাদের শুভেচ্ছা উপহারের মধ্যে ছিল গুড়া চাউর, সেমাই, চিনি, দুধ, মশল্যা, ভাতের চাউল ও গোল আলু। এ কাজের উদ্যেগ দাতাদের একজন ক্লাব সভাপতি ন্দ ভাগা রিফাত কে ঈদ উপলক্ষ্যে খাবারের চাউল ও গোল আলু বিতরণ করার কারন জানতে চাইতে, সে বলে আমরা চিন্তা করেছি আমরা আমাদের এবারের ঈদ সুন্দর ভাবে উদযাপান করব কিন্তু আমাদের মত এত সুন্দর ভাবে হয়তো অনেকেই তাদের এ ঈদ উদযাপন করতে পারবেনা। আমারা যদি তাদের পাশে এট্ হলেও দাড়াতে পরি




ঈদ শুভেচ্ছা উপহার, রমাগঞ্জ কিশোর ক্লাব

তা হলে সাবাই সুন্দর ভাবে এবারের ঈদ উদযাপন করতে পাড়বো। তাই আমরা আমাদের খরচ থেকে যার যার সাদ্য মত কিছু টাক বাঁচিয়ে অন্যদের মধ্যে ঈদের অনন্দ ভাগ করে দেয়ার সিদ্ধান্ত নেই। যাদেরকে আমরা শুভেচ্ছা উপহার দিয়েছি তারা সকালে নাস্তা ও সেমাই খাওয়ার পরে যেন দুপুরের খাবারেও একটু সহায়তা হয় তার জন্য আমরা আমাদের সাধ্যমত ভাতের চাউল ও কিছু পরিমান গোল আলু দিয়েছি। আমরা আশা করছি আগামীতে আমাদের ক্লাবের বন্ধুদের উদ্বুদ্ধ করতে পারলে, এ শুভেচ্ছা উপহার আরো বেশী মানুষের মধ্যে পোঁছাতে পারবো। আমরা সকলের দোয়া কামনা করছি।



শুভেচ্ছা উপহার

## আন্ত: ইউনিয়ন সাংস্কৃতি ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেধাও মননে সুন্দর আগামী

মেধা ও মননে সুন্দর আগামী এ শ্লোগানের ভিত্তিতে গত ৯ এপ্রিল পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএস এফ) এর সহায়তা ও কোস্ট ফাউন্ডেশনের পরিচালনায় কৈশোর কর্মসুচি উদ্দ্যোগে ভোলা জেলার লালমোহন উপজেলার রামাগজ্ঞ ইউনিয়নের রমাগজ্ঞ মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে ১৮টি কিশোর -কিশোরী ক্লাবের অংশগ্রহনে আন্ত: ইউনিয়ন সাংস্কৃতি ও ক্রীড়া প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রতিযোগীতার শুভ উদ্বোধন করেন জনাব মো: জাকির হোসেন, প্রধান শিক্ষক রমাগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়। গেষ্ট অপ অনার হিসেবে উপস্থিত থেকে পুরস্কার বিতরণ করেন জনাব মো: দিদারুল ইসলাম ইউপি সদস্য-৭ নং ওয়ার্ড, জনাব মিজানুর রহমান ইউপি সদস্য-৭ নং ওয়ার্ড, জনাব আনোয়ার হোসেন নোয়াব ইউপি সদস্য-৮ নং ওয়ার্ড। সভায় সভাপত্বি করেন খোকন চন্দ্র শীল সমন্বয়করী কৈশোর কর্মসূচি। সমগ্র অনুষ্ঠান পরিচলনা করেন রাবেয়া বিনতে খায়ের প্রেগ্রাম অফিসার ও মো: সাইদুর রহামান সিনিয়র প্রোগ্রাম অফিসার কৈশো্র কর্মসূচি।



অনষ্ঠানে উপস্থিত অতিথি বৃন্দ



বিজয়ীদের মধ্যে পুরস্কারি বিতরণ করছেন

প্রতিযোগীতা অংশগ্রহনকারীরা যে সকল ইভেন্টে প্রতিযোগীতা করেন সেগুলি হলো-প্রবন্ধ লেখা, কবিতা আবৃতি, ক্রিকেট ,ব্যাডমিন্টন ,আম ´রেসলিনিং

বিশেষ অতিথিরা তাদের সমাপনি বক্তৃতায় বলেস আমি খুবই আনন্দের সাথে বলছি যে কোস্ট ফাউন্ডেশনের আজকের এ আয়োজন খুবই সুন্দর আয়োজন। জাতীর জনক বঙ্গবন্ধু শেখমুজিবর রহমান ও প্রধান মন্ত্রী শেখ হাসিনার সোনার বাংলাদেশ গাড়ার লক্ষ্যে আমাদের নতুন প্রজন্মকে এগিয়ে নিতে হলে তাদেরকে বিভিন্ন খেলাধুলা ও সংস্কৃতিক প্রতিযোগীতার সাথে যুক্তরেখে মন ও মানসিকাতার উন্নয়ন করতে হবে। আরো ভালো লাগলো যে আমাদের ইউনিয়নের ১৮ ক্লাব আছে,আমরা সকলে মিলে আনেক ভালো কাজ করতে পারবো।



কিশোরীদের ব্যাটমিন্টন প্রতিযোগিতা,

চলতি মাসে আরো যে সকল ইউনিয়নে সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়-

ধলীগৌর নগর ইউনিয়ন

গত ১২ মার্চ সকাল ১০ ঘটিকা লালমোহন উপজেলার ধলীগৌর নগর ইউনিয়নের সাংস্কৃতিক ও ক্রীড়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিস ছিলেন জনাব মাওলানা মো: বশির উল্যাহ সহকারী



বিজয়ী দলের মধ্যে পুরস্কার বিতরণ করছেন

প্রিন্সিপাল ,ভেদুরিয়া ফিরুজিয়া ফাজিল মাদ্রাসা ধলীগৌর নগর ইউনিয়ন। প্রতিযোগীতায় মোট ৫টি ইভেন্টে ৭০ জন কিশোর-কিশোরী অংশগ্রহন করেন। তার মধ্যে ৩৩ জন বিজয়ী হন তাদের প্রত্যেককে ক্রেস্ট প্রদান করা হয়। যাহারা কোন বিষয়ে বিজয়ী হন নাই তাদেরকে শুভেচ্ছা পুরস্কার হিসেবে কোস্ট ফাউন্ডেশনের পক্ষ্য থেকে সাটির্ফিকেট প্রদান করা হয়।

চলতি মাসে বোরহান উদ্দিন উপজেলার তিনটি ইউনিয়নে সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়।

গত ৫ এপ্রিল কাচিয়া-টবগী ইয়াছিন পাড়া কলেজে কাচিয়া ইউনিয়নের সাংস্কৃতিক ও ক্রীড়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মফিজুল ইসলাম সহকারী অধ্যক্ষ কাচিয়া-টবগী ইয়াছিন পাড়া কলেজে, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ও প্রতিযোগিতার বিচারকের দায়িত্ব পালন করেন জনাব জহিরুল ইসলাম প্রভাষক বাংলা বিভাগ। প্রতিযোগীতায় মোট ৯০ জন কিশোর-কিশোরী অংশগ্রহন করের এবং ৩৫ জন বিজয়ী হন। । যাহারা কোন বিষয়ে বিজয়ী হন নাই তাদেরকে শুভেচ্ছা পুরস্কার হিসেবে কোস্ট ফাউন্ডেশনের পক্ষ্য থেকে সাটির্ফিকেট প্রদান করা হয় এবং প্রধান অতিথিকে শুভেচ্ছা পুরস্কার হিসেবে ক্রেস্ট প্রদান করা হয়। তিনি তার বক্তৃতায় বলেন। আমাদের সামাজে কিশোর-কিশোরীরা দিন দিন বিভিন্ন ধরনের অসামাজিক কাজের সাথে জড়িয়ে পরতেছে। তারা বাড়িথেকে স্কুল -কলেজে আসার নাম করে আসে কিন্ত শিক্ষা প্রতিষ্ঠানে না এসে বন্ধুদের সাথে আড্ডাদেয়। কোস্ট ফাউন্ডেশন পরিচালিত ক্লাবগুলির মাধ্যমে তাদেরকে এধরনের সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতার সাথে যুক্ত থাকলে তারা অসামাজিক কাজথেকে সরে আসবে বলে আমি মনে করি। কোস্ট ফাউন্ডেশন ও পিকেএসএফ এরধরনের কাজগুলিকে নিয়মিত ভাবে পরিচালনার জন্য আমি সুপারিশ করছি। এ ধরনের যে কোন কাজে আমাকে ডাকলে আমি সার্বিক সহযোগিতা করব।

হাসান নগর ইউনিয়ন

গত ৬ এপ্রিল মির্জাকালু মাধ্যমিক বিদ্যালয়ের মাঠে হাসান নগড় ইউনিয়নের ১৮টি কিশোর-কিশোরী ক্লাবের প্রতিযোগিদের উপস্থিতিতে ইউনিয়ন ভিত্তিব সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগীতায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: আনোয়ার হোসেন, প্রধান শিক্ষক মৃর্জাকালু মাধ্যমিক বিদ্যালয়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোবাশ্বের উল্যাহ প্রধান শিক্ষক মৃজাকালু কিন্ডার গার্ডেন, জনাব হাছনাইন হাওলাদার সাংবাদিব বাংলা নিউজ। প্রতিযোগীতায় ৫টি ইভেন্টে মোট ৮০ জন কিশোর- কিশোরী অংশগ্রহন করেন। প্রতিযোগীতা শেষে বিজয়ীদের মধ্যে ক্রেস্ট বিতরণ করা হয় এবং যারা অকৃতকার্য হয়েছে তাদেরকে শুভেচ্ছা পুরস্কার হিসেবে কোস্ট ফাউন্ডেশনের পক্ষ থেকে সার্টিফিকেট প্রদান করাহয়। প্রধান অতিথির সমাপনী বক্তৃতায় বলেন আমাদের বিদ্যলয়গুলিতে এক সময় এ ধরনের প্রতিযোগিতার ব্যবস্থা করা হতো কিন্তু বর্তমানে এ কর্মসূচি কমে যাচ্ছে, কোস্ট ফাউন্ডেশন ও পিকেএসএফ কিশোর-কিশোরীদের মুল্যোবোধ উন্নয়নে এ ধরনের কাজ করার জন জন্য আমি সাধুবাদ জানাচ্ছি। এর ফলে কিশোর-কিশোরীরা অবক্ষয়থেকে ফিরে আসবে বলে আমার বিশ্বাস। আমি আজকের আয়োজক সংস্থাকে ধন্যবাদ জানাচ্ছি।

টবগী ইউনিয়ন

গত ১৩ এপ্রিল হাফিজ ইব্রাহিম কলেজে টবগী ইউনিয়নের কিশোর-কিশোরী ক্লাবের আন্ত: ইউনিয়ন সাংস্কৃতিক ও ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগীতায় ৭০ জন কিশোর-কিশেররী অংশগ্রহন করে। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের মধ্যে ক্রেস্ট ও যারা কৃতকার্য হতে পারে নাই তাদের মধ্যে কোস্ট ফাউন্ডেশনের পক্ষ থেকে শুভেচ্ছা পুরস্কার হিসেবে সার্টিফিকেট প্রদান করা হয়।

**এপ্রিল ২০২৩ কাজের পরিকল্পনা :**

| নং | কাজের বিবরণ | সংখ্যা |
|---|---|---|
| ১. | সাংস্কৃতিক ও ক্রীড়া অনুষ্ঠান | টি |
| ২. | মাসিক মেন্টর সমন্বয় সভা | ২০ টি |
| ৩. | ক্লাব মিটিং মনিটরিং | ১০০ |
| ৪. | কমিউনিটি সভা | ৫০ টি |
| ৫. | মাসিক সমন্বয় সভা | ১০টি |
| ৬. | ক্লাব পরিদর্শন | ৬০টি |

**পত্রিকাটির জন্য যারা লেখা দিয়ে সহযোগিতা করেছেন তাদের সকলকে অসংখ্য ধন্যবাদ। পরবর্তিতে আরো সুন্দর লেখা পাঠানোর জন্য অনুরোধ থাকলো।**

**যোগাযোগ :**

প্রকল্প সমন্বয়কারি, খোকন চন্দ্র শীল, প্রকল্প অফিস, দক্ষিন চরনোয়াবাদ সার্কিট হাউজ রোর্ড সংলগ্ন, কোস্ট ফাউন্ডেশন, ভোলা সদর । মোবাইল নম্বর, ০১৭১৩৩২৮৪৩৯

**বি.দ্র : এ পত্রিকায় যাদের ছবি দেয়া হয়েছে তা কোন ব্যবসাহিক কাজ বা বিক্রির জন্য নয়।**